

Student Counselling and Guidance Office  
1st Floor, Teacher Student Centre  
University of Dhaka  
Phone: 9661900-73 Ext. 4201  
Mobile: 01338540348  
e-mail: scgdirector.du@gmail.com



ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর  
৩য় তলা, ছাত্র-শিক্ষক কেন্দ্র ভবন  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ফোন : ৯৬৬১৯০০-৭৩ এক্স ৪২০১  
মোবাইল: ০১৩৩৮৫৪০৩৪৮  
ই-মেইল: scgdirector.du@gmail.com

## “বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস-২০২৬” উদযাপন অনুষ্ঠানে শিক্ষার্থীদের আমন্ত্রণ

### -ঃ বিজ্ঞপ্তি ঃ-

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উদযাপন উপলক্ষ্যে আগামী ১১ অক্টোবর ২০২৬ ইং রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর এবং এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগ এর যৌথ উদ্যোগে ছাত্র-শিক্ষক কেন্দ্রের সম্মুখে পায়রা চত্বরে দিনব্যাপী মানসিক স্বাস্থ্য বিষয়ক প্রদর্শনী স্টলের আয়োজন করা হয়েছে।

বর্তমান আর্থ-সামাজিক প্রেক্ষাপটে শিক্ষার্থীদের শিক্ষা ও জীবন যাপনে বিরূপ প্রভাব ফেলছে। যার ফলে বিষন্নতা, হতাশা, পরীক্ষা ভীতি সহ নানা ধরনের জটিলতা বৃদ্ধির কারণে অনেক শিক্ষার্থী আত্মহত্যা পথ বেছে নিতে বাধ্য হচ্ছে। কাউন্সেলিং সেবা গ্রহণে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে দ্রুত সময়ে মানসিক স্বাস্থ্য সেবা গ্রহণ করে তাঁদের শিক্ষা জীবনকে আরও সুন্দর ও সু-শৃঙ্খল করতে অত্র দফতর বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস ২০২৬ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য দিনব্যাপী কর্মসূচি গ্রহণ করেছে।

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস অনুষ্ঠানের সময় : ১১ অক্টোবর ২০২৬ তারিখ রবিবার

সকাল ১০.০০ টায় : উদ্বোধনী অনুষ্ঠান

সকাল ১০.৩০ থেকে বিকাল ৪.৩০ পর্যন্ত : কাউন্সেলিং সেশনের মাধ্যমে সেবা দান  
মানসিক স্বাস্থ্য বিষয়ক ডকুমেন্টারী প্রদর্শনী  
লিফলেট বিতরণ ও সচেতনতা মূলক কর্মসূচি  
মনো চিকিৎসা বিষয়ক বিভিন্ন অভীক্ষা প্রয়োগ

বিকাল ৫.০০ : অনুষ্ঠানের সমাপ্তি

উক্ত অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সকাল ১০.৩০ থেকে ৪.৩০ পর্যন্ত সরাসরি অংশগ্রহণের মাধ্যমে পরিচয়পত্র দেখিয়ে বিনামূল্যে মানসিক স্বাস্থ্য সেবা (কাউন্সেলিং) গ্রহণ করতে পারবেন।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. মেহজবীন হক)

পরিচালক

ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর

ঢাকা বিশ্ববিদ্যালয়